জুটিতে লুটি
ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে খেলতে গুয়াহাটির পথে পারুপল্লি কাশ্যপ ও সাইনা নেহওয়াল।

গুরুত্ব দিচ্ছে না পাকিস্তান

বোর্ড আগের অবস্থানেই

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি ঃ ভারত-পাকিস্তান দ্বিপাক্ষিক ক্রিকেট নিয়ে পুরোনো অবস্থানের কথা আরও একবার স্পষ্ট করে দিল ভারতীয় ক্রিকেট বোর্ড। পূর্বের মতো বল সেই কেন্দ্রীয় সরকারের কোর্টেই ঠেলে দিল বোর্ড। বিসিসিআই জানিয়েছে, প্রতিবেশী দুই দেশের মধ্যে উত্তপ্ত পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত দ্বিপাক্ষিক ক্রিকেট সম্ভব নয়। নাম প্রকাশে অনিচ্ছুক বোর্ডের এক সিনিয়র ক্রিকেট আধিকারিক বলেন, 'পরিস্থিতি স্বাভাবিক হলে, ক্রিকেটের জন্য ঠিক হলেই ইন্দো-পাক দ্বিপাক্ষিক সিরিজ শুরু করা সম্ভব হবে। এরজন্য দরকার দুই দলের রাজনৈতিক সম্পর্কে অনিশ্চয়তার মেঘ দূর হওয়া। তবে সেইদিন কবে আসবে বলা মুশকিল।'

পাকিস্তান বোর্ড অবশ্য ভারতের বর্তমান মনোভাবকে বাড়তি গুরুত্ব দিতে নারাজ। ওয়াসিম খান দাবি করেন, 'আমরা বারবার ওদের খেলার জন্য বলেছি। এবার এমন পরিস্থিতি তৈরি করতে হবে, যাতে ওরা আমাদের খেলার জন্য বলে। আমাদের সেই পথেই এগোতে হবে। ভারত-পাকিস্তান ম্যাচ না হওয়াটা দুর্ভাগ্যের। তবে ভারতের বিরুদ্ধে না খেলায় জীবন থেমে নেই। আমাদের এভাবেই সামনের দিকে তাকাতে হবে।'

উডের দাপটে চাপে হোপরা

গ্রস ইসলেট (সেন্ট লুসিয়া), ১১ ফেব্রুয়ারি ঃ সম্মানরক্ষার টেস্টে ভালো জায়গায় ইংল্যান্ড। মার্ক উডের (৫/৪১) বিধ্বংসী স্পেলের সুবাদে ওয়েস্ট ইন্ডিজের মাটিতে টেস্ট সিরিজে এই প্রথমবার শক্তপোক্ত জায়গায় জো রুট বাহিনী। ক্যারিবিয়ানদের প্রথম ইনিংস ১৫৪ রানে গুটিয়ে দিয়ে মূল্যবান ১২৩ রানের লিড নেয় ইংল্যান্ড। এই লেখা তৈরির সময় দ্বিতীয় ইনিংসে ৩ উইকেটে ২১৪ রান তুলেছে ইংল্যান্ড। তাদের লিড ৩৩৮ রানের। ক্রিজে জোস বাটলার (৩৮) ও রুট (৫২)। জো ডেনলি ৬৯ রানে আউট হন। পেসার মার্ক উডের বিধ্বংসী বোলিংকে যোগ্য সংগত করেন স্পিনার মইন আলি (৪/৩৬)। মার্ক-মইনের দাপটে জন ক্যাম্পবেল (৪২) ও শেন ডোরউইচ (৩৮) ছাড়া ওয়েস্ট ইন্ডিজের কোনো ব্যাটসম্যান লড়াইটুকু করতে পারেননি। এক রানে আউট হন শাই হোপ। কেমার রোচ ১৬ রানে অপরাজিত থাকেন।

গোল্ড কাপে অঞ্জুদের হার

ভুবনেশ্বর, ১১ ফেব্রুয়ারি ঃ গোল্ড কাপ ফুটবলের দ্বিতীয় ম্যাচে অঞ্জু তামাংরা ২-১ গোলে নেপালের বিরুদ্ধে হেরে গিয়েছেন। কলিঙ্গ স্টেডিয়ামে ৫ ও ৭ মিনিটে সবিতা ভাণ্ডারির জোড়া গোলে পিছিয়ে পড়ে ভারত। ৭৩ মিনিটে রতনবালা দেবী একটি গোল ফেরালেও ভারতের হার আটকাতে পারেননি।

নবাঙ্কুরের শতরান

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ ফেব্রুয়ারি ঃ মহকুমা ক্রীড়া পরিষদের সুপার ডিভিশন ক্রিকেটে সোমবার জিটিএসসি ১৩৬ রানে স্বস্তিকা যুবক সংঘকে হারিয়েছে। চাঁদমণি মাঠে টসে হেরে জিটিএসসি ২৫ ওভারে ৪ উইকেটে ২৩০ রান তোলে। নবাঙ্কুর ঘোষ ১১০ রান করেন। সোহন দে-র অবদান ৩১। জবাবে স্বস্তিকা ২৫ ওভারে ৫ উইকেটে ৯৪ রানে আটকে যায়। শুভঙ্কর সাহা ৩০ রান করেন। নবাঙ্কুর ১২ ও অর্কদীপ রাই ১৪ রানে নেন ২ উইকেট। বুধবার খেলবে সূর্যনগর ফ্রেন্ডস ইউনিয়ন ও বাঘা যতীন অ্যাথলেটিক ক্লাব।

জয়ী করণদিঘি-১

করণদিঘি, ১১ ফেব্রুয়ারি ঃ করণদিঘি থানার ১৬ দলীয় পুলিশ ফ্রেন্ডলি ভলিবলে সোমবার করণদিঘি-১ নম্বর গ্রাম পঞ্চায়েত ২৪-৬, ২৪-১২ পয়েন্টে কামারতোর জাগরণ সংঘকে হারিয়েছে। অন্য ম্যাচে আলতাপুর গ্রাম-২ নম্বর গ্রাম পঞ্চায়েত ২৪-২১, ২৪-২০ পয়েন্টে রসখোয়া-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে জয় পায়। শেষ ম্যাচে আলতাপুর-১ নম্বর গ্রাম পঞ্চায়েত ২৪-৬, ২৪-১৬ পয়েন্টে টুঙ্গিদিঘির বাঘা যতীন সংঘকে হারিয়েছে।

শিলিগুড়ির ৩

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ ফেব্রুয়ারি ঃ ১৯-২৩ ফেব্রুয়ারি মহারাষ্ট্রের কুদালে অনুষ্ঠেয় সিনিয়র ন্যাশনালস ক্যারমের জন্য রাজ্য দলে শিলিগুড়ির তিনজন সুযোগ পেয়েছেন। তাঁরা হলেন দুর্জয় ঘোষ, সঞ্জয় সিং ও সুপ্রিয়া সেন। শিলিগুড়ি জেলা ক্যারম (২৯ ইঞ্চি) সংস্থার সচিব সঞ্জীব ঘোষ জানিয়েছেন, তিনজন ১৬ ফেব্রুয়ারি দলের সঙ্গে যোগ দেবেন।

পিএসজি-র বিরুদ্ধে ম্যান ইউ সমর্থকদের স্লোগান

ওলে বাবা পার করেগা

নেইমার নেই, এমবাপের কাঁধে গুরুদায়িত্ব

প্যারিস সাঁ জা-র অনুশীলনে কিলিয়ান এমবাপে।

ম্যাঞ্চেস্টার, ১১ ফেব্রুয়ারি ঃ মাসদুয়েক সময়ে কতটা বদলে গেছে পরিস্থিতি। চ্যাম্পিয়ন্স লিগের নকআউট পর্বের ড্রয়ে প্যারিস সাঁ জাঁ-র মুখোমুখি হওয়ায় ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের লিগপ্রত্যাশা নিয়ে স্বপ্ন দেখা ছেড়েছিলেন অনেকেই। তবে হোসে মোরিনহোর প্রশিক্ষণে ড্রেসিংরুমের গুমোট পরিবেশ ও মাঠে উদ্দেশ্যহীন ফুটবল এখন অতীত। নতুন প্রশিক্ষক ওলে গানার সোলসেয়ার আত্মবিশ্বাসের নতুন বসন্ত এনেছেন ওল্ড ট্র্যাফোর্ডে। তাঁর কোচিংয়ে টানা ১১ ম্যাচে অপরাজিত ম্যান ইউ। তাই মঙ্গলবার রাতে পিএসজি-র বিরুদ্ধে ঘরের মাঠে দুর্দান্ত ছন্দে থেকে বরং অল্প হলেও এগিয়ে থেকে নামছে ইউনাইটেড। দলের সমর্থকরা মনে করছেন আগুনে ফর্মে থাকা পোগবারা ধরাশায়ী করবেন এমবাপেদের দলকে। একইসঙ্গে কোচ সোলসায়ারের চওড়া কপালে ভরসা রাখছেন তাঁরা। সমর্থকরা ধরেই নিচ্ছেন জিতে মাঠ ছাড়বেন। কারণ, হোসে মোরিনহোর জায়গায় দায়িত্ব নিয়ে সোলসায়ার যা ছুঁয়েছেন সবই সোনা হয়েছে। তাই ম্যান ইউ সমর্থকদের অলিখিত স্লোগান এখন 'ওলে বাবা পার করেগা'। এখন দেখার ওলের জাদুস্পর্শে ম্যান ইউ শেষ ষোলোর বাধা টপকাতে পারে কিনা। পল পোগবা, মার্কাস র‍্যাশফোর্ডদের ছন্দই শুধু তাদের এগিয়ে রাখছে এমনটা নয়। পিএসজি শিবিরের সেরা অস্ত্র নেইমারের না থাকাটা অনেকটা এগিয়ে দিয়েছে ইউনাইটেডকে। মেটাটারসেলের চোটের জেরে নেইমার নেই রাউন্ড অফ ১৬-এর দুই লেগেই।

পাশাপাশি বোর্দোর বিরুদ্ধে গত ম্যাচে চোট পেয়ে অনিশ্চিত এডিনসন কাভানিও। পিএসজি কোচ টমাস টুচেল বলেছেন, 'একদফা পরীক্ষা হয়েছে, আর এক দফা হবে। পরিস্থিতিটা যেরকম, মনে হচ্ছে না এডিকে ম্যান ইউ ম্যাচে পাব।' তাই তুলনামূলক দুর্বল পিএসজি-কে সামনে পেয়ে আরও একধাপ এগিয়ে যাওয়ার সুবর্ণ সুযোগ হাতছাড়া করতে নারাজ রেড ডেভিলস বাহিনী। এই ম্যাচটাকে বরং ফুটবলবিশ্ব আপাতত র‍্যাশফোর্ড বনাম এমবাপের লড়াই হিসেবেই দেখছে। নেইমার, কাভানি না থাকায় স্বাভাবিকভাবেই বাড়তি দায়িত্ব নিতে হবে গত বিশ্বকাপের সেরা ফুটবলারকে। অপরদিকে, খারাপ ছন্দের জেরে ফ্রান্সের বিশ্বকাপ দলে সুযোগ না পাওয়া অ্যান্টনি মার্শালও যেন দলের মতোই ওলে ম্যাজিকে নিজেকে পালটে ফেলেছেন। মার্শিয়াল তাঁর প্রতিভার সঠিক বিকাশ ঘটাতে পারলে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পর্যায়ে নিজেকে পৌঁছে নিয়ে যেতে পারেন বলে ভরসা প্রকাশ করেছেন ওলে। পাশাপাশি তাঁর কোচিংয়ে সবথেকে বড়ো পরীক্ষায় বসার আগে ফুটবলারদের সতর্ক করে দিয়েছেন ম্যান ইউ কোচ।

এদিকে, চ্যাম্পিয়ন্স লিগের রাউন্ড অফ ১৬-র অপর ম্যাচের প্রথম লেগে এএস রোমার ঘরের মাঠে খেলতে নামছে এফসি পোর্তো। এদিকে, নকআউট স্তরের ম্যাচগুলো থেকে চ্যাম্পিয়ন্স লিগে অভিষেক হতে চলেছে ভিডিয়ো অ্যাসিট্যান্ট রেফারির (ভিএআর)। গতবার বিশ্বকাপে

চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচ প্যারিস সাঁ জাঁ বনাম ম্যাঞ্চেস্টার ইউনাইটেড রাত ১টা ৩০ মিনিট টেন-২ চ্যানেলে

ব্যবহার হওয়ার পর এই মুহূর্তে বিভিন্ন দেশের লিগে ব্যবহার হলেও এতদিনে ইউরোপ সেরার লিগে ব্যবহার হত না ভিএআর প্রযুক্তি। প্রসঙ্গত, আগামী মরশুম থেকে ভিএআর চালু হওয়ার কথা থাকলেও জুভেন্তাস সহ একাধিক ক্লাবের চাপে চ্যাম্পিয়ন্স লিগের নকআউট পর্ব থেকেই জুড়ে যাচ্ছে প্রযুক্তিটা। উয়েফা প্রেসিডেন্ট আলেকজান্ডার সেফেরিন বলেন, 'প্রস্তাবিত সময়ের আগে শুরু করা সম্ভব হচ্ছে বলেই দেরি করতে চাইনি আমরা।' ভিএআরের আগমনকে স্বাগত জানিয়েছেন ম্যাঞ্চেস্টার সিটির কোচ পেপ গুয়ার্দিওলা। উল্লেখ্য, প্রিমিয়ার লিগে এখনও ব্যবহার হয় না ভিএআর। দ্রুত সেটা হলেই ষোলোকলা পূর্ণ হয়ে যাবে বলে মনে করেন বার্সেলোনা ও বেয়ার্ন মিউনিখের প্রাক্তন প্রশিক্ষক।

দিল্লি ক্রিকেটে নয়া নাটক

দলে জায়গা না পাওয়ায় বেধড়ক মার নির্বাচককে

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি ঃ রাজধানীর ক্রিকেট রয়েছে পুরোনো মেজাজেই।

গ্রুপবাজি, দল নির্বাচন নিয়ে বিতর্ক, কাদা ছোড়াছুড়ি-চিত্রটা এতটুকু বদলায়নি। তালিকায় এবার যুক্ত হল দলে না নেওয়ার কারণে নির্বাচককে গুণ্ডা দিয়ে পেটানো! আর লজ্জাজনক ঘটনার শিকার হলেন ভারতীয় দলের প্রাক্তন পেসার তথা বর্তমানে দিল্লি নির্বাচক কমিটির অন্যতম সদস্য অমিত ভান্ডারি।

অমিত ভাইয়ার সঙ্গে এরকম কিছু হতে পারে, বিশ্বাসই হচ্ছে না। দুঃখজনক ঘটনা। আমি মর্মাহত। দ্রুত তদন্ত করে দোষীদের বিরুদ্ধে যথাসম্ভব কড়া পদক্ষেপ নেওয়া হোক।
-শিখর ধাওয়ান

রাজধানীর বুকে এই ঘটনা দুর্ভাগ্যজনক। বিষয়টি যেন হালকাভাবে না নেওয়া হয়। আমি চাই দলে সুযোগ না পেয়ে যারা এমন ঘটিয়েছে, তাদের আজীবন নির্বাসিত করা হোক।
-গৌতম গম্ভীর

দিল্লির সেন্ট স্টিফেন্স কলেজ মাঠের ঘটনা। নির্বাচন নিয়ে ঝামেলা, কথা কাটাকাটি। দলে জায়গা না পাওয়া অনূর্ধ্ব-২৩ ক্রিকেটারটি প্রথমে সপাটে চড় মারেন অমিত ভান্ডারিকে। এরপর দল বেঁধে হকির স্টিক দিয়ে চলে মারধর। পরিস্থিতি রীতিমতো মারাত্মক আকার নেয়। কোনোরকমে অমিতকে মারমুখী ক্রিকেট-দুষ্কৃতীদের হাত থেকে উদ্ধার করা হয়। হকি স্টিকের আঘাতে মাথা ফেটে রক্ত ঝরতে থাকে। হাতে-পায়ে, গোটা শরীরে ক্ষত চিহ্ন, মারের দাগ। হাসপাতালে ভরতি করতে হয় অমিতকে। চিকিৎসকরা অবশ্য আশ্বস্ত করেছেন। চোট মারাত্মক নয়। বিপন্মুক্ত প্রাক্তন ভারতীয় দলের ক্রিকেটার।

বুধবার থেকে শুরু হচ্ছে নকআউট টুর্নামেন্ট। তারজন্যই দিল্লির সেন্ট স্টিফেন কলেজের মাঠে ক্রিকেটারদের ট্রায়াল চলছিল। সেখানেই অপ্রীতিকর ঘটনাটি ঘটে। অমিতের অভিযোগ, তাঁকে প্রাণে মেরে ফেলার হুমকি পর্যন্ত দেয় ওই গুণ্ডারা। হুমকি দেওয়া হয়েছে অপর দুই নির্বাচককেও। মাঠের মধ্যেই এহেন ঘটনা নড়েচড়ে বসেছে দিল্লির ক্রিকেটমহল। স্থানীয় প্রশাসনের তরফে তদন্ত শুরু করা হয়েছে। ইতিমধ্যেই দিল্লি পুলিশ অমিতের বয়ান নিয়েছে। দ্রুত দোষীদের গ্রেফতার করা হবে জানিয়েছে পুলিশ প্রশাসনের তরফে।

দিল্লি ক্রিকেটে এই ধরনের ঘটনা নতুন নয়। কিছুদিন আগেও অনূর্ধ্ব-১৬ দলের নির্বাচনের সময়ও নির্বাচককে প্রাণে মারার হুমকি দেওয়া হয়। দলে জায়গা না পেয়ে এক ক্রিকেটারই নির্বাচককে আগ্নেয়াস্ত্র দেখিয়ে হুমকি দেয়। প্রসঙ্গত, ক্রিকেট দলের নির্বাচন নিয়ে আর্থিক লেনদেন, স্বজনপোষণের অভিযোগও প্রায় শোনা যায় দিল্লি ক্রিকেটমহলে কান পাতলে। কিছুদিন আগে অনূর্ধ্ব-১৬ দলে জায়গা করে দেওয়ার জন্য যৌন কর্মী সরবরাহ করার জন্য এক ক্রিকেটারের অভিভাবকের কাছে সরাসরি প্রস্তাব দেন এক অধিকর্তা। যদিও উপরমহলে হাত থাকার ফলে, কোনো কড়া পদক্ষেপের পথে হাঁটেনি ডিডিসিএ। অমিত ভান্ডারির মতো প্রাক্তন জাতীয় দলের ক্রিকেটারের গায়ে হাত পড়ার পর ছবিটা বদলায় কিনা, সেটাই দেখার।

ডিডিসিএ-র বর্তমান সভাপতি রজত শর্মা পরে বলেন, 'ঠিক কী ঘটেছিল, তা বিস্তারিত জানার চেষ্টা করছি আমরা। দল নির্বাচনে জায়গা না পাওয়ার জন্য এই আক্রমণ বলে শুনছি। দিল্লির পুলিশ কমিশনার অমূল্য পট্টনায়েকের সঙ্গে কথা বলেছি। দ্রুত অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ব্যাপারে বলেছি। যারা এই কাজ করেছে, তাদের বিরুদ্ধে কড়া উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।'

আমিও পারি। মাঠে ঢুকে রোনাল্ডোর ভঙ্গি এক ভক্তের।

রোনাল্ডোর জুভেতে ডিবালা অস্বস্তি

তুরিন, ১১ ফেব্রুয়ারি ঃ পাওলো ডিবালাকে ঘিরে অস্বস্তি ক্রমশ বাড়ছে জুভেন্তাসে। ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ওল্ড লেডি অফ তুরিনে আসার পর থেকে আর্জেন্টাইন তরুণ সুপারস্টার আগের মতো সেরা তারকার তকমা পাচ্ছিলেন না। এবার সঙ্গে জুড়েছে কোচ ম্যাক্সিমিলিয়ানো আলেগ্রির সঙ্গে ডিবালার মনকষাকষি। দুর্বল সাসৌলোর বিরুদ্ধেও ডিবালাকে প্রথম একাদশে রাখেননি জুভে কোচ। রোনাল্ডোর সুবাদে ম্যাচে ৩-০ ফলে জয় নিশ্চিত হয়ে যাওয়ার পর শেষলগ্নে নামান। আর ম্যাচ শেষে ডিবালার মানসিকতা নিয়ে খোঁচা দিয়ে বাড়তে থাকা দূরত্ব সামনে এনে দিলেন জুভেন্তাসের কোচ। আলেগ্রি বলেন, 'রোনাল্ডো ও ডিবালাকে একসঙ্গে খেলানোই যায়, সেক্ষেত্রে বাকিদের উপর অনেকটা চাপ পড়ে যায় দলের ভারসাম্য রাখার। পাশাপাশি সাসৌলোর মাঝমাঠ শক্তিশালী, সেটা মাথায় রেখেই দল নামাতে হয়েছে আমাকে। বেঞ্চে বসলে কেউ হতাশ হবে সেটা স্বাভাবিক। কিন্তু মাঝেমধ্যে বাইরে বসাটা খেলোয়াড়দের তরতাজা করতে ও সঠিক মানসিকতা খুঁজে পেতে সাহায্য করে।' টানা কয়েকটা ম্যাচে ডিবালাকে একান্ত প্রয়োজন না পড়লে কার্যত খেলাচ্ছেন না আলেগ্রি। যদিও ডিবালাকে ছাড়া কোনো অসুবিধা হয়নি জুভেন্তাসের। ম্যাচের ২৩ মিনিটে স্যামি খেদিরা ও ৮৬ মিনিটে এমরে চ্যান রোনাল্ডোর পাস ধরেই দুটো গোল করেন। আর ৭০ মিনিটে মিরালেম পিয়ানিকের কর্নার বিপক্ষ গোলরক্ষক ধরার ঠিক আগে চেনা মাধ্যাকর্ষণ ঠকানো লাফে তাঁকে বোকা বানিয়ে গোল করে যান রোনাল্ডো। জুভেন্তাসের জার্সিতে সিরি আ-তে ১৮তম গোল করার পর আবার রোনাল্ডো মাতেন ডিবালার 'মাস্ক' সেলিব্রেশনে। জুভেন্তাসে উদ্ভূত পরিস্থিতিতে ডিবালা ভদ্রতার মুখোশ ছেড়ে বেরিয়ে এলে অস্বস্তি বাড়তে পারে ওল্ড লেডি অফ তুরিনের অন্দরমহলে। শোনা যাচ্ছে, পরের মরশুমের জন্য এখন থেকেই আর্জেন্টাইনের এজেন্টের সঙ্গে যোগাযোগ শুরু করে দিয়েছে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।

ধোনি বন্দনায় নির্বাচক প্রধান এমএসকে প্রসাদ

মিশন বিশ্বকাপে সবচেয়ে গুরুত্বপূর্ণ মাহি

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি ঃ ১৯৮৩, ২০১১-র পর কি ২০১৯?

আসন্ন বিশ্বকাপে অন্যতম ফেভারিট বিরাটের ভারত। মেন ইন ব্লু-র ধারাবাহিক সাফল্যকে গুরুত্ব দিচ্ছে ক্রিকেটমহল। সমীহ করছেন নবীন-প্রবীণের মিশেলে টিম ইন্ডিয়াকে। আর বিরাট ব্রিগেডের যে অন্যতম স্তম্ভ মহেন্দ্র সিং ধোনি, তা এদিন পরিষ্কার করে দিলেন এমএসকে প্রসাদ। ভারতীয় দলের নির্বাচক কমিটির প্রধান জানান, মিশন বিশ্বকাপে ধোনি তাদের কাছে স্পেশাল অস্ত্র।

বিশ্বকাপ নিয়ে নিজের মত রাখতে গিয়ে প্রসাদ বলেন, 'অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড, গত দুটি সিরিজে মাহি যেভাবে খেলছে, বাকিদের কাছে বার্তাটা পরিষ্কার। বুঝিয়ে দিয়েছে, নিজের স্বাভাবিক খেলাটা খেলতে চায়। আর আমরা ধোনিকে এভাবেই চিনি। ভয়ডরহীন এই ক্রিকেটটা যদি বজায় রাখতে মাহি, এরচেয়ে ভালো কিছু হয় না। মাঝে কিছুসময়ে সেভাবে রান পাচ্ছিল না। টানা ম্যাচ না পাওয়াও এর অন্যতম কারণ। তবে গত দুটি সিরিজে টানা খেলার ফায়দা তুলেছে। ফের পুরোনো ছন্দে ও। বিশ্বকাপের আগে লম্বা আইপিএল রয়েছে। মাহি টানা ১৪-১৫টি ম্যাচ পাবে। গত অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড সফরের ফর্মটা ধরে রাখার সুযোগ পাবে।'

সফর শেষ। এবার ঘরে ফেরার পালা শিখর ধাওয়ান, ঋষভ পন্থ, কুলদীপ যাদব, যুযবেন্দ্র চাহালদের।

গত বছর লর্ডসে ইংল্যান্ডের বিরুদ্ধে মন্থর ব্যাটিংয়ের জন্য দর্শকের বিদ্রুপের মুখে পড়েছিলেন ধোনি। গত দুই সফরে যদিও অন্য ধোনিকেই দেখা গিয়েছে। যে প্রসঙ্গ টেনে নির্বাচক কমিটির প্রধান প্রসাদ বলেন, 'উইকেটকিপিং ও ব্যাটিং-জোড়া দায়িত্ব ধোনির উপর। ওর উইকেটকিপিং নিয়ে আমাদের কস্মিনকালে কোনো সন্দেহ ছিল না। তবে খারাপ ফর্মের জন্য ওর ব্যাটিং নিয়ে কিছুটা চিন্তা ছিল। বিশ্বাস ছিল, টানা কয়েকটা ম্যাচ পেলে ছন্দ ফিরে পাবে। আর প্রতিটি ক্রিকেটারকেই এই সমস্যার মধ্যে দিয়ে যেতে হয়। বিরাট বলছিল, ধোনির উপর সবার প্রত্যাশা অনেক বেশি। মাহি মানে বিস্ফোরক ব্যাটিং-শুরু থেকে এভাবেই ওর সঙ্গে পরিচিত সবাই। সেটা না হতেই, অনেকে ভাবতে শুরু করেছে, ওর রিফ্লেক্স কমে গিয়েছে। কিন্তু নিজেকে যেভাবে প্রস্তুত করে গত দুই সিরিজে খেলেছে, তাতে আমরা খুশি।'

ধোনিকে কিংবদন্তি আখ্যা দিয়ে প্রসাদ আরও বলেন, 'ওর মতো কিংবদন্তি ক্রিকেটারকে কী করতে হবে তা বলে দিতে হয় না। সমর্থক, দল ওর থেকে কী প্রত্যাশা করে, তা ওরা জানে। নিঃসন্দেহে এখনও দলের ম্যাচ উইনার। দলের সবচেয়ে গুরুত্বপূর্ণ অস্ত্র হিসেবে বিশ্বকাপে পা রাখবে ও। বিরাটের পরামর্শদাতা হোক বা উইকেটকিপিং কিংবা মাঠের মধ্যে ইয়ং প্লেয়ারদের মেন্টরের ভূমিকা-ওর গুরুত্ব অপরিসীম। মাঝে ওর বাদ পড়া নিয়ে প্রচুর আলোচনা হয়েছে। আবারও বলছি, বাদ নয় বিশ্রাম দেওয়া হয়েছিল। আমি ব্যক্তিগতভাবে ধোনি এবং টিম ম্যানেজমেন্টের সঙ্গে কথা বলেছিলাম। বিশ্বকাপে দ্বিতীয় উইকেটকিপার কে হবে, তা বেছে নিতে এটা দরকার ছিল। ফলে দীনেশ কার্তিক ও ঋষভ পন্থকে কিছু ম্যাচে দেখে নিতে পেরেছি।'

সংবাদ সংক্ষেপে

রোটারির ক্রিকেট ইন্দিরা ময়দানে

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ ফেব্রুয়ারি ঃ রোটারি শিলিগুড়ি মেট্রোপলিটনের দু-দিনের শিলিগুড়ি ক্রিকেট লিগ শনিবার ইন্দিরা গান্ধি ময়দানে শুরু হবে। রোটারির পক্ষে জানানো হয়েছে, প্রতিযোগিতায় সেরা ক্রিকেটারকে স্কুটি উপহার দেওয়া হবে। ফাইনাল রবিবার।

ব্রিজের ফাইনালে বিজয়-পরেশ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ ফেব্রুয়ারি ঃ জিটিএস ক্লাবের অনিলকুমার ঘোষ ও শান্তিরানি ঘোষ ট্রফি ওপেন অকশন ব্রিজে ফাইনালে উঠলেন বিজয় ধর-পরেশ বর্মন ও সন্তোষ দাস-সুভাষ পাল। সোমবার বিজয়-পরেশ প্রথম সেমিফাইনালে অনিল ঘটক-প্রদীপ দে-কে হারিয়েছেন। দ্বিতীয় সেমিফাইনালে মলয় বসু-প্রদীপ বসুর বিরুদ্ধে জয় পান সন্তোষ-সুভাষ। ফাইনাল অনুষ্ঠিত হবে মঙ্গলবার।

রাজুর শতরানে জয়ী নকশালবাড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ ফেব্রুয়ারি ঃ মহকুমা ক্রীড়া পরিষদের প্রথম ডিভিশন ক্রিকেটে সোমবার নকশালবাড়ি ইউনাইটেড ক্লাব ১১৯ রানে সুভাষ স্পোর্টিং ক্লাবকে হারিয়েছে। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে টসে হেরে নকশালবাড়ি ৪১ ওভারে ৬ উইকেটে ২৫৭ রান তোলে। তাদের রাজু সাঁওতাল সর্বোচ্চ ১০৮ রান করেন। কুমার রায়ের অবদান ৮৫। বিশ্বজিৎ বণিক ৫৩ রানে পেয়েছেন ৩ উইকেট। জবাবে সুভাষ ৪১ ওভারে ৭ উইকেটে ১৩৮ রানে আটকে যায়। তাদের উজ্জ্বল ভার্মা ৩৩ ও অভিজিৎ ছেত্রী ৩২ রান করেন। তন্ময় রায় ২১ রানে পেয়েছেন ৩ উইকেট। মঙ্গলবার খেলবে রামকৃষ্ণ ব্যায়াম শিক্ষা সংঘ ও এনবিএসটিসিআরসি।

রান না নিয়ে প্রশ্নের মুখে ডিকে

কেরিয়ার সেরা র‍্যাংকিংয়ে কুলদীপ

দুবাই, ১১ ফেব্রুয়ারি ঃ হার দিয়ে সফর শেষ।

নিউজিল্যান্ডকে গুডবাই জানিয়ে দেশের পথে ভারতীয় দল। যদিও তীরে এসে তরি ডোবার আক্ষেপ যাচ্ছে না মেন ইন ব্লু এবং সমর্থকদের। একাধিক ক্যাচ মিসের সঙ্গে শেষ ওভারে দীনেশ কার্তিকের সিঙ্গলস না নেওয়ার সিদ্ধান্তও প্রশ্নের মুখে। নিজেই ম্যাচ জিতিয়ে দেবেন, অতি-আত্মবিশ্বাসী কার্তিকের সিদ্ধান্ত দলকে ডুবিয়েছে বলে মনে করেন অনেকে।

সোশ্যাল মিডিয়ায় ব্যঙ্গের মুখেও পড়েছেন নাইট রাইডার্স অধিনায়ক। কারও মতে, কার্তিক নিজেকে হঠাৎ ধোনি ভেবে বসায় বিপত্তি। সঞ্জয় মঞ্জরেকার, হর্ষ ভোগলেদের মতে, কার্তিক দারুণ খেললেও সিদ্ধান্তে ভুলচুক করে ফেলেছে। কে বলতে পারে ক্রুনাল পান্ডিয়াকে ওইসময় স্ট্রাইক দিলে ম্যাচের ছবিটা অন্যরকম হত না!

আক্ষেপ-হতাশার মধ্যেই কুলদীপ যাদবের জন্য অবশ্য সুখবর। আজ প্রকাশিত আইসিসি র‍্যাংকিংয়ে রশিদ খানের ঠিক পিছনে কেরিয়ার-সেরা দ্বিতীয় স্থানে উঠে এসেছেন। নিউজিল্যান্ডের বিরুদ্ধে টি২০ সিরিজে মাত্র একটি ম্যাচ খেলে দুই উইকেট নেন কুলদীপ। যার সুফল পেয়েছেন ক্রমতালিকায়।

বোলিং বিভাগে পাকিস্তানের ইমাদ ওয়াসিম পাঁচ ধাপ এগিয়ে চতুর্থ এবং নিউজিল্যান্ডের মিচেল স্যান্টনার চারধাপ লাফ মেরে সেরা দশে ঢুকে পড়েছেন। লম্বা ৩৯ ধাপের লাফ মেরে ৫৮ নম্বরে ক্রুনাল। টি২০ ব্যাটিং ক্রমতালিকায় রোহিত শর্মা সাতে ও সঙ্গী ওপেনার শিখর ধাওয়ান এগারো নম্বরে রয়েছেন। পাকিস্তানের বাবর আজম রয়েছেন ব্যাটিং তালিকার শীর্ষে।

এদিকে, দল হারলেও ব্যাটে-বলে সফল ভারতের নবাগত পেস অলরাউন্ডার বিজয় শংকর। বিরাট কোহলির অনুপস্থিতিতে তিন নম্বরে নেমে ভরসা জুগিয়েছেন। যখন বল করতে ডেকেছে রোহিত, সেরাটা দেওয়ার চেষ্টা করেছেন। যার সুবাদে নির্বাচকদের বিশ্বকাপ ভাবনাতেও ঢুকে পড়েছেন। তামিলনাড়ুর পেস অলরাউন্ডার নিজে জোর দিচ্ছেন ধোনির মতো সিনিয়রদের সঙ্গে খেলার সুযোগকে। বলেন, 'টিম ম্যানেজমেন্টের থেকে পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছে, নিজের মতো করে খেলার, এটা খুব গুরুত্বপূর্ণ। টি২০ ক্রিকেট কোনো বাঁধাধরা ছকে চলে না। নমনীয়তা দরকার। ব্যাটসম্যান হিসেবে তৈরি থাকতে হয় যেকোনো পরিস্থিতির জন্য। এখনও পর্যন্ত যা খেলেছি, তাতে আমি খুশি। তবে আরও ভালো খেলতে চাই। সব কিছু ছাপিয়ে প্রতিদিন নিত্যনতুন শেখার সুযোগ। আমার কাছে যা বিরাট প্রাপ্তি।'

মহেন্দ্র সিং ধোনির প্রসঙ্গ টেনে আরও বলেন, 'মাহিভাই কিংবদন্তি। দেশকে প্রচুর ম্যাচ জিতিয়েছে। মাহি ভাইকে কাছ থেকে দেখাটা শিক্ষণীয়। শুধু মাহিভাই নয়, দলের প্রত্যেকের কাছ থেকে শেখার চেষ্টা করেছি। বলতে পারেন নিউজিল্যান্ড সিরিজ আমার কাছে শিক্ষণীয় সফর।' আর বিজয় যে দ্রুত খেলা রপ্ত করছেন, তা বুঝিয়েছেন। তবে বিরাটের গুরুত্বপূর্ণ তিন নম্বর স্থানে ব্যাটিংয়ের দায়িত্ব পাবেন ভাবেননি। বিজয় আরও বলেন, 'প্রথম ম্যাচে যখন তিন নম্বরে ব্যাটিংয়ের কথা বলা হয়, বেশ অবাকই হয়েছিলাম। তবে এটা আমাদের জন্য ভালো দিক। মনে করি, দায়িত্বটা ঠিকঠাক পালন করতে পেরেছি। পরিস্থিতি অনুযায়ী ব্যাটিং করার চেষ্টা করেছি।'

জুনিয়ার স্পোর্টিং ক্লাবের ইনডোর ডাবলসে সেরার পুরস্কার হাতে বিশাল-স্বপন।

সেরা বিশাল-স্বপন

বানারহাট, ১১ ফেব্রুয়ারি ঃ জুনিয়ার স্পোর্টিং ক্লাবের ৪ দিবসীয় নৈশ ব্যাডমিন্টন নরেন্দ্র